বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

**বিজ্ঞপ্তি**

বিজ্ঞপ্তি নং- ২৫৭ -এ, তারিখঃ ২১/০৫/২০১৯ খ্রিঃ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ২৪/০৫/২০১৯ খ্রিস্টাব্দ হইতে ১৫/০৬/২০১৯ খ্রিস্টাব্দ পর্যন্ত কোর্টের অবকাশকালীন সময়ে হাইকোর্ট বিভাগের জরুরী বিষয়সমূহ শুনানী ও নিষ্পত্তির জন্য মাননীয় প্রধান বিচারপতি মহোদয় নিম্নরূপ অবকাশকালীন বেঞ্চ গঠন করিয়াছেন ঃ

উক্ত অবকাশকালীন সময়ে মাননীয় বিচারপতি মোঃ রইস উদ্দিন এবং মাননীয় বিচারপতি এ,এস,এম, আব্দুল মোবিন মহোদয়গণ একত্রে ডিভিশন বেঞ্চে অত্র কোর্টের এনেক্স ভবনের ২২ নং বিচারকক্ষে বসিবেন এবং ২৬/০৫/২০১৯, ২৭/০৫/২০১৯, ২৮/০৫/২০১৯, ১২/০৬/২০১৯ ও ১৩/০৬/২০১৯ খ্রিঃ সকাল ১১ঃ০০ ঘটিকা হইতে দুপুর ০১ঃ১৫ ঘটিকা পর্যন্ত ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী রিভিশন; ফৌজদারী বিবিধ মোকদ্দমা এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি ফারাহ মাহবুব এবং মাননীয় বিচারপতি মোঃ খায়রুল আলম মহোদয়গণ একত্রে ডিভিশন বেঞ্চে অত্র কোর্টের এনেক্স ভবনের ১৩ নং বিচারকক্ষে বসিবেন এবং ২৬/০৫/২০১৯, ২৭/০৫/২০১৯, ২৮/০৫/২০১৯, ০৯/০৬/২০১৯, ১০/০৬/২০১৯ ও ১১/০৬/২০১৯ খ্রিঃ সকাল ১১ঃ০০ ঘটিকা হইতে দুপুর ০১ঃ১৫ ঘটিকা পর্যন্ত ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন, মানি লন্ডারিং আইন সংক্রান্ত ফৌজদারী ও রীট মোশন সহ সকল প্রকার জরুরী রীট মোশন, তৎসংক্রান্ত সকল রীট বিষয়াদি এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহন ও শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি এফ,আর,এম, নাজমুল আহাসান এবং মাননীয় বিচারপতি আহমেদ সোহেল মহোদয়গণ একত্রে ডিভিশন বেঞ্চে অত্র কোর্টের এনেক্স ভবনের ২৫ নং বিচারকক্ষে বসিবেন এবং ২৭/০৫/২০১৯, ২৯/০৫/২০১৯, ১১/০৬/২০১৯ ও ১২/০৬/২০১৯ খ্রিঃ সকাল ১১ঃ০০ ঘটিকা হইতে দুপুর ০১ঃ০০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী মোশন; শুনানীর জন্য প্রথম আপীল, প্রথম আপীল(প্রবেট), **প্রথম বিবিধ আপীল**, প্রথম বিবিধ আপীল (প্রবেট); ৬,০০,০০০ টাকার উর্ধ্বমানের প্রথম বিবিধ আপীল এবং ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী রুল ও রিভিশন মোকদ্দমা; হাইকোর্ট রুলের ৯ অধ্যায়ের ১৪ রুল অনুযায়ী শুনানীর জন্য ৬,০০,০০০ টাকার উর্ধ্বমানের আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী রুল, দেওয়ানী রিভিশন মোকদ্দমা ও তৎসংক্রান্ত আবেদনপত্র হইতে উদ্ভূত সকল লয়াজিমা বিষয়; ২০০১ ইং সনের ১ নং আইনের (শালিশী আইন ২০০১) ৪৮(ক), খ এবং গ ধারা মোতাবেক আপীল; ইউনিয়ন পরিষদ, পৌরসভা (বিশেষ দায়িত্ব) অধ্যাদেশ, ১৯৯৯ ইং আদেশ নং-৬, ১৯৯১-এর অধীন আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী আপীলসমূহ; **হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালত অবমাননার অভিযোগপত্র;** যে সব বিষয়ে এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহন ও শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি মোঃ হাবিবুল গনি এবং মাননীয় বিচারপতি মহি উদ্দিন শামীম মহোদয়গণ একত্রে ডিভিশন বেঞ্চে অত্র কোর্টের এনেক্স ভবনের ৩২ নং বিচারকক্ষে বসিবেন এবং ২৭/০৫/২০১৯, ২৮/০৫/২০১৯, ২৯/০৫/২০১৯, ১১/০৬/২০১৯, ১২/০৬/২০১৯ ও ১৩/০৬/২০১৯ খ্রিঃ সকাল ১১ঃ০০ ঘটিকা হইতে দুপুর ০১ঃ১৫ ঘটিকা পর্যন্ত ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী রিভিশন; ফৌজদারী বিবিধ মোকদ্দমা এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি শেখ হাসান আরিফ এবং মাননীয় বিচারপতি সরদার মোঃ রাশেদ জাহাঙ্গীর মহোদয়গণ একত্রে ডিভিশন বেঞ্চে অত্র কোর্টের এনেক্স ভবনের ৬ নং বিচারকক্ষে বসিবেন এবং ২৬/০৫/২০১৯, ২৭/০৫/২০১৯, ২৮/০৫/২০১৯, ১২/০৬/২০১৯ ও ১৩/০৬/২০১৯ খ্রিঃ সকাল ১১ঃ০০ ঘটিকা হইতে দুপুর ০১ঃ০০ ঘটিকা পর্যন্ত নির্বাচন সংক্রান্ত বিষয়াদিসহ সকল প্রকার জরুরী রীট মোশন; তৎসংক্রান্ত সকল রীট বিষয়াদি এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন, ২০০৯ ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ), (গ), (ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; মূল্য সংযোজন কর আইন, ১৯৯১-এর ধারা ৪২(১)(গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংক্রান্ত রীট রেফারেন্স; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ ডি অনুযায়ী আপীল শুনানী করিবেন এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহন ও শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি আবু তাহের মোঃ সাইফুর রহমান মহোদয় একক বেঞ্চে অত্র কোর্টের মূল ভবনের ০৯ নং বিচারকক্ষে বসিবেন এবং ২৬/০৫/২০১৯, ২৭/০৫/২০১৯, ২৮/০৫/২০১৯, ১২/০৬/২০১৯ ও ১৩/০৬/২০১৯ খ্রিঃ সকাল ১১ঃ০০ ঘটিকা হইতে দুপুর ০১ঃ০০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনুর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে দেওয়ানী মোশন; দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী শুনানীর জন্য অনুর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের আপীল; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে

অনূর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে দেওয়ানী রুল ও দেওয়ানী রিভিশন মোকদ্দমা; অনূর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের আবেদনপত্র ও প্রথম আপীল, প্রথম আপীল (প্রবেট) এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয় ও অনূর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের প্রথম বিবিধ আপীল; প্রথম বিবিধ আপীল (প্রবেট); ২০০১ইং সনের গণপ্রতিনিধিনিত্ব (সংশোধন) অধ্যাদেশ দ্বারা সংশোধিত ১৯৭২ ইং সনের গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশ মোতাবেক "নির্বাচনী" আবেদনপত্র; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি মোঃ বদরুজ্জামান মহোদয় একক বেঞ্চে অত্র কোর্টের মূল ভবনের ২৪ নং বিচারকক্ষে বসিবেন এবং ২৭/০৫/২০১৯, ২৮/০৫/২০১৯, ১২/০৬/২০১৯ ও ১৩/০৬/২০১৯ খ্রিঃ সকাল ১১ঃ০০ ঘটিকা হইতে দুপুর ০১ঃ০০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য একক বেঞ্চে গ্রহণযোগ্য ফৌজদারী মোশন; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী রিভিশন ও রেফারেন্স মোকদ্দমা এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য দুর্নীতি দমন কমিশন আইনের অধীন দায়েরকৃত মামলা, রায়, আদেশ হইতে উদ্ভুত সকল প্রকারের মোশন ও তদসংক্রান্ত শুনানী; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ করিবেন।

এবং

মাননীয় বিচারপতি জাফর আহমেদ মহোদয় একক বেঞ্চে অত্র কোর্টের এনেক্স ভবনের ২৩ নং বিচারকক্ষে বসিবেন এবং ২৬/০৫/২০১৯, ২৭/০৫/২০১৯, ২৮/০৫/২০১৯, ১২/০৬/২০১৯ ও ১৩/০৬/২০১৯ খ্রিঃ সকাল ১১ঃ০০ ঘটিকা হইতে দুপুর ০১ঃ০০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য আদিম অধিক্ষেত্রাধীন বিষয়; সাকসেশন আইন ১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যতিরেকে মৃত ব্যক্তির বিষয়বস্তুর অধিক্ষেত্র; বিবাহ বিচ্ছেদ আইন ১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয় সহ এ্যাডমিরেলটি কোর্ট আইন ২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ২০০৯ ইং সনের ট্রেডমার্ক আইনের অধীন আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ ইং সনের কোম্পানী আইন অনুযায়ী আবেদনপত্র; ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ইং (১৯৯১ ইং সনের ১৪ নং আইন) অনুযায়ী আবেদনপত্র; সালিশ আইন ২০০১(২০০১ ইং সনের ১নং আইন) অনুযায়ী আপীল ও আবেদনপত্র; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের ডিক্রি ও আদেশের বিরুদ্ধে অনূর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ ডিক্রি ও আদেশের বিরুদ্ধে দেওয়ানী রিভিশন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহন ও শুনানী করিবেন।

আদেশক্রমে,

স্বাঃ/-

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন-৯৫৬৬৮২৬।
E-mail:aktar.dr@supremecourt.gov.bd

স্মারক নং - -এ, তারিখ-২১ /০৫/২০১৯ খ্রিঃ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১. অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭. স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. ডেপুটি রেজিস্ট্রার-সার্বিক ও আদি অধিক্ষেত্র/প্রটোকল /অর্থ/প্রশাসন ও বিচার/দেওয়ানী-২/অনুলিপি ও মহাফেজ/ফৌজদারী-১/ফৌজদারী-২/দেওয়ানী-১, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১১. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১৩. সহকারী রেজিস্ট্রার-বিচার/পরিবহন/অর্থ/প্রশাসন/সাধারণ ও সংস্থাপন/কোর্ট কীপিং/আদি অধিক্ষেত্র/ ফৌজদারী-১/অনুলিপি ও মহাফেজ/দেওয়ানী-১/দেওয়ানী-২/বেঞ্চ ও ডিক্রী/ফৌজদারী-২/ফৌজদারী-৩, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৪. সহকারী কন্ট্রোলার, গভঃ প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা।
১৫. হিসাব রক্ষণ কর্মকর্তা- ১,২ ও ৩, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৬. কোর্ট অফিসার, কোর্ট কীপার শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৭. সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

১৮. সুপারিনটেনডেন্ট, বেঞ্চ শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৯. পরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
২০. পরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
২১. চীফ রিপোর্টার (বার্তা) এ,টি,এন,বাংলা ওয়াসা ভবন, ৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ কাওরান বাজার,ঢাকা।
২২. চীফ রিপোর্টার (বার্তা) চ্যানেল আই, ৬২/এ, সিদ্ধেশ্বরী রোড, ঢাকা- ১২১৭।
২৩. চীফ রিপোর্টার (বার্তা) এন, টি, ভি, ১০২,কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
২৪. বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
২৫. বার্তা সম্পাদক,ইউ,এন,বি, ৬৯/১ নিউ সার্কুলার রোড, মালিবাগ, ঢাকা।
২৬. বার্তা সম্পাদক, দৈনিক জনকণ্ঠ, ঢাকা।
২৭. বার্তা সম্পাদক, দৈনিক সংবাদ, ঢাকা।
২৮. বার্তা সম্পাদক, দৈনিক ইনকিলাব, ঢাকা।
২৯. বার্তা সম্পাদক, দৈনিক অবজারভার, ঢাকা।
৩০. বার্তা সম্পাদক দৈনিক যুগান্তর, ঢাকা।
৩১. বার্তা সম্পাদক, দৈনিক প্রথম আলো, ঢাকা।
৩২. বার্তা সম্পাদক, দৈনিক কালের কণ্ঠ, ঢাকা।
৩৩. নোটিশ বোর্ড।

সংবাদ হিসাবে প্রচারের জন্য

২৭/০৭/২০১৪

(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
(ভারপ্রাপ্ত)
ফোনঃ ৯৫৮৮৪২৯